



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/12/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নির্দেশ দিলেন পতাকা অর্ধনমিত থাকবে যেহেতু জাতি কোভিডের কারণে যখন দশ লাখ আমেরিকানের প্রাণহানির শোক পালন করছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, শুক্রবার, 13 মে, কোভিডের কারণে প্রাণ হারানো দশ লাখ আমেরিকানের স্মরণে স্টেটের ভবনগুলিতে পতাকা অর্ধনমিত থাকবে।

"আজকে, আমাদের দেশ একটি অকল্পনীয় মাইলফলকে পৌঁছেছে, কোভিড-19 এর কারণে দশ লাখ লোকের প্রাণহানি হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই বিষাদময় মাইলফলকটি আমাদেরকে মনে করিয়ে দেয় যে আমাদের করা অগ্রগতি সত্ত্বেও, আমাদেরকে অবশ্যই এই মহামারীর সামনে তৎপর থাকতে হবে। এরা ছিলেন মা, বাবা, সন্তান, ভাইবোন, বন্ধু এবং প্রতিবেশী এবং আমি চাই না যে আর কোনও নিউ ইয়র্কবাসী এই ভয়াবহ ভাইরাসের কারণে নিজের প্রিয়জন হারানোর বেদনার মধ্যে দিয়ে যাক, সেজন্য আমাদেরকে নিরাপদ রাখার হাতিয়ার ব্যবহার করতে থাকা গুরুত্বপূর্ণ: টিকা নিন, নিয়মিত পরীক্ষা করান, এবং আপনি অসুস্থবোধ করলে আপনার চিকিৎসার ব্যাপারে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418